গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪.২৮ | তারিখ: ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদানের অনলাইন আবেদনের সময় বৃদ্ধিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদানের অনলাইন আবেদন গ্রহণের সময়সীমা সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪.৯৪৪ তারিখ: ১২ অক্টোবর ২০২৫ মূলে ০৬-১১-২০২৫খ্রি: তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো। পরবর্তীতে সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪.১০৩৫ তারিখ: ০৫ নভেম্বর ২০২৫ মূলে ৩০-১২-২০২৫খ্রি: তারিখ এবং সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪.১১১১ তারিখ: ৩০ নভেম্বর ২০২৫খ্রি: মূলে ৩০-১২-২০২৫খ্রি: তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো। কিন্তু মাঠপর্যায়ের কর্মকর্তাদের থেকে জানা যায় যে, সফটওয়্যার, ইন্টারনেট, বিদ্যুৎ বিপর্যয় এর সমস্যার কারণে এখনও অনেকে অনলাইনে আবেদন করতে পারেননি। তৎপরিপ্রেক্ষিতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ কার্যক্রম চলমান থাকবে।

২। পূর্বের অনলাইন আবেদন গ্রহণের সকল নির্দেশাবলী/শর্তাবলী বলবৎ থাকবে। অনলাইন আবেদন এর লিংক: dss.bhata.gov.bd/online-application

৩। এমতাবস্থায়, অনলাইন আবেদনের সময় বৃদ্ধিকরণের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের কর্ম এলাকায় ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন। তাঁর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট সমূহকে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৪.০১.২০২৬
(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সামাজিক নিরাপত্তা অধিশাখা

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক (সকল)........................।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)..........................।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...................।
৭. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল)...............।
৮. সমাজসেবা অফিসার, তেজগাঁও সার্কেল কার্যালয়, ঢাকা।
৯. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল)...................।
১০. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১. অফিস কপি।